## বিজয়নগর উপজেলা পরিষদের জুন-২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব নাছিমা মুকাই আলী
চেয়ারম্যান
বিজয়নগর উপজেলা পরিষদ
ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ : ২৯/০৬/২০২২ খ্রি. সময় সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল বিভাগীয় প্রধান ও জনপ্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগরকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সকলকে স্বাগত জানান ও সভার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি মে-২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা করা হয় ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, এই মৌসুমে আউশ আবাদের লক্ষ্যমাত্রা ১৫০০ হেঃ এবং সবজি আবাদ হয়েছে ২২১ হেঃ। সাম্প্রতিক ভয়াবহ বন্যায় আউশ ধান ও সবজি ক্ষতিগ্রস্থ হয়েছে যথাক্রমে ৫৩০ হেঃ ও ৬০ হেঃ। ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে বসতবাড়ির আঙ্গিনায় সবজি আবাদ বৃদ্ধিকরণ ও স্বল্পজীবনকাল সম্পন্ন রোপা আমন ধান চাষ করে সরিষা আবাদ বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় প্রযুক্তিগত পরামর্শ প্রদান করা হচ্ছে। সার ও বীজের কোন ধরনের সংকট নেই। সরকার নির্ধারিত মূল্যে কৃষকগণ সার ও বীজ ক্রয় করছেন। সুষম সারের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে অব্যাহত আছে। | ১. মাঠ পর্যায়ে কৃষকদের সহযোগিতা করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>২. পানি বৃদ্ধির কারণে ক্ষয়ক্ষতির পরিমাণ সতর্কতার সাথে নিরূপণ করে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে। | ১. উপজেলা কৃ কর্মকর্তা, বিজয়নগর। |
| ২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মে /২০২২ মাসে কোভিড-১৯ ভ্যাকসিন মোট ১ম ডোজ-৪৩৫২জন, ২য় ডোজ-৭৬৮৮জন, অদ্য পর্যন্ত ১ম ডোজ-২৩৫৩১৮জন, ২য় ডোজ-২২৩৪৯৪জন এবং ৩য় ডোজ=৭৮৫৬৯জন। আউটডোর রোগীর সংখ্যা-২৪৫৫জন, ইনডোর - ১৭৪জন। মোট জরুরী বিভাগে রোগীর সংখ্যা-৫৪৭ জন ও নরমাল ডেলিভারীর সংখ্যা- ৬টি। আগামী অর্থ বছরের বাস্তবায়নের জন্য স্কীম নির্বাচন চলমান রয়েছে। | ৩. স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার গুণগত মান অব্যাহত রাখতে হবে। বিশেষ করে নরমাল ডেলিভারি বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা স্বা ও পরিব পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩. উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের বিজয়নগর উপজেলার ১০টি ইউনিয়নের এলজিইডি'র বিভিন্ন প্রকল্পের আওতায় অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ড এবং বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ এর কাজ শেষ। তিনি সকল কাজে সবার সার্বিক সহযোগীতা কামনা করেন এবং জানান অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ৪. বিভাগীয় কার্যক্রমগুলো অব্যাহত রাখতে হবে। | ১. উপজে প্রকৌশলী ও ইউডিএফ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৪. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মে / ২২ মাসে উপজেলায় দীর্ঘমেয়াদী পদ্ধতির সেবা দেওয়া হয়েছে আইইউডি সেবা ২৫জন ও ইমপ্ল্যান্ট সেবা ৪০ জন। স্বল্প মেয়াদী সেবা গ্রহণকারীদের মধ্যে বিতরন/প্রয়োগ করা হয়েছে খাবার বড়ি ৬৩৩৮ পিস, কনডম ৯২৪৫ পিস, ইনজেকশন ১৩২০ ভায়েল। পদ্ধতি গ্রহণকারীর হার (CAR): ৭৫ %। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ৫. জন্মহার কমানোর জন্য মানুষকে সচেতন করতে হবে এবং যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. উপজে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের অনলাইন ক্লাস কার্যক্রম চলমান রয়েছে এবং শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণ করা হচ্ছে। | ৬. প্রত্যেক প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতির সংখ্যা বাড়ানোর জন্য জরুরী পদক্ষেপ নিতে হবে। | ১. উপজে মাধ্যমিক শি কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | বিজয়নগর উপজেলার ৬ টি কেন্দ্রে এসএসসি মোট পরীক্ষার্থী ২২১৫ জন, ১ টি কেন্দ্রে দাখিল মোট পরীক্ষার্থী ৩৯১জন, ১ টি ভোকেশনাল কেন্দ্রে মোট পরীক্ষার্থীর ১৪০ জন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। | ৭. উপজেলা মাধ্যমিক ও সহকারী মাধ্যমিক কর্মকর্তা নিয়মিত স্কুল পরিদর্শন করে যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রদান করবেন। | বিজয়নগর। |
| ০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রতিযোগিতা বিজয়নগর উপজেলার ১০টি ইউনিয়নে অনুষ্ঠিত হয়েছে। এ প্রতিযোগিতায় উপজেলার ১০০টি বিদ্যালয় অংশগ্রহণ করেছে। উপজেলার ১০০টি বিদ্যালয়ে স্কুল ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নতুন কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। গত ২৭/০৬/২২ তারিখে বিজয়নগর উপজেলার প্রতিটি বিদ্যালয়ে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | ৮. উপজেলায় প্রত্যেকটি স্কুল পরিদর্শন করতে হবে এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রতি সপ্তাহে কমপক্ষে ১০টি স্কুল ও উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা প্রতি সপ্তাহে কমপক্ষে ২০টি স্কুল পরিদর্শন করবেন। | ০১. উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর। |
| ০৭. দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বিজয়নগর উপজেলায় দূর্যোগ ব্যবস্থাপনা শাখায় কাবিখা / কাবিটা সাধারন, বিশেষ এবং টি আর সাধারণ বিশেষ এর ১ম ও ২য় পর্যায়ের কাজ চলমান এবং ৩য় পর্যায়ের প্রকল্প অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ৯. বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং সঠিকভাবে কাজের তদারকি করতে হবে। | ০১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৮. উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ২০২১-২২ অর্থবছরের বয়স্ক ভাতা ৯০০ জন প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ইউনিয়ন কমিটির প্রাপ্ত তালিকা অনুযায়ী এস.আই.এস ডাটা এন্ট্রি ভিলিডেশন ও পেরোল সম্পন্ন করা হয়। দ্রুতই তাদের ব্যাংক একাউন্টে ভাতার টাকা প্রেরণ করা হবে। অন্যদিকে ২০২১-২২ অর্থ বছরের সকল খাতের ভাতা জুন/২০২২ইং পর্যন্ত ব্যাংক এশিয়ার মাধ্যমে ঈদের আগে বিতরন করা হচ্ছে। বিভাগের অন্যানা কার্যক্রম স্বাভাবিক আছে। | ১০. সকল ভাতা প্রদানের জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে এবং প্রয়োজনে ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিসার নিয়োগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করতে হবে। | ১. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৯. সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাড়িয়াপুর আশ্রয়ন ২ প্রকল্পে ঋণ বিতরণ-১৭,৪০,০০০/- টাকা, ঋণ আদায়-১১,৩৬,৯৫২/- টাকা। সার্ভিস চার্জ আদায়-৮৩,৬১৬/-। ঋণ অনাদায়ী / খেলাপি-৬,০৩০৪৮/- টাকা। ব্যাংক স্থিতি -১৪,৮৭,২২০/-টাকা। উক্ত প্রকল্পে ঋণ গ্রহণকারী ০৫জন সদস্য মৃত্যুবরণ করিয়াছেন। তাদের নিকট ঋণের আসল বাবদ ৫৬,৪৫৫/- এবং সার্ভিস চার্জ ৪,১৫১/- টাকা পাওনা রহিয়াছে। মির্জাপুর আশ্রয়ন ২ প্রকল্পে ঋণ বিতরণ-১০,৫০,০০০/-, ঋণ আদায়-৪,৯৫,৫৬১/- টাকা। সার্ভিস চার্জ আদায় ৩৪,৬৮৯/- টাকা। ঋণ অনাদায়ী/খেলাপী-৫,১৯৭৫০/- টাকা। ব্যাংক স্থিতি-৬,৭৩,২৫০/- টাকা। বিভাগীয় অন্যানা কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১১. ঋণের আদায় বাড়াতে হবে এবং অন্যান্য সমিতিগুলো নিয়মিত অডিট সম্পাদন করতে হবে।<br><br>১২. মৃত্যুবরণকারী ঋণ গ্রহীতাদের কাজ থেকে প্রচলিত বিধিবিধান অনুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। | ০১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |
| ১০. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মে/২২ মাসের সকল ইউনিয়নে ভিজিডি খাদ্যশস্য বিতরণ করা হয়েছে। দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় চলতি মাসে ঋন আদায় ১০,০১৫/- (দশ হাজার পনের) টাকা। আদায়ের হার ৯৫%। আইজিএ প্রশিক্ষন প্রকল্পের দু'টি ট্রেডে (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং) ১৪তম ও ১৫তম ব্যাচের ১০০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান এবং দুটি ট্রেডে ১৬তম ও ১৭তম ব্যাচের প্রশিক্ষণার্থীর বাছাই কার্যক্রম প্রক্রিয়াধীন। নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল হতে প্রাপ্ত ০২টি মামলার তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। সচেতনতামূলক কার্যক্রম: নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহ, যৌতুক প্রতিরোধ, নারী ও শিশু পাচাররোধ, নারীর আইনগত অধিকার এবং অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজ বিষয়ে ইউনিয়ন পর্যায়ে উঠান বৈঠক করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৩. প্রশিক্ষণগুলো নিবিড়ভাবে সম্পন্ন করতে হবে এবং বাল্যবিবাহ ও শিশু নির্যাতন সম্পর্কে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিজয়নগর। |
| ১১. উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উদ্যোগী যুবদের দক্ষতা বৃদ্ধির জন্য "সমন্বিত মৎস্য চাষ" (০৮/০৫/২০২২ হতে ১৪/৫/২০২২) পর্যন্ত ও "গরু মোটাতাজাকরণ" (১৭/০৫/২০২২ হতে ২৩/০৫/২০২২) পর্যন্ত প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণের স্থান বুধন্তী ইউনিয়নে সেমড়া সঃ প্রাঃ বিদ্যালয়। | ১৪. প্রতিটি সংগঠনকে নিবন্ধন করার জন্য বাছাইয়ের কাজ শতভাগ স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে করতে হবে। | ০১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর।<br>০২. চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, |

| | | | |
|---|---|---|---|
| | প্রশিক্ষণার্থীর সংখ্যা মোট ৬০জন। (পুরুষ৩০ ও মহিলা ৩০জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিজয়নগর। |
| ১২. পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, আবর্তক (কৃষি), সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী, বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী, এসএমই ঋণ লক্ষ টাকায় মোট সমিতি/দল = ৮৫টি, মোট সদস্য সংখ্যা = ১৪৮৫ জন, মোট ঋণ তহবিল প্রাপ্তি = ১০৫.৭৭, মোট ঋণ বিতরণ (ক্রম:) = ৩৯৬.৭২, মোট আদায়যোগ্য (ক্রম:) = ৩২২.৮৫, মোট ঋণ আদায় (ক্রম:) = ৩০৫.৯৬, আদায়ের হার (ক্রম:) ৯৫%। | ১৫. ঋণের আদায় আরোও বাড়াতে হবে এবং বিভাগীয় কার্যক্রমগুলো সার্বক্ষণিক তদারকি করতে হবে। | ০১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৩. পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সভায় জানান যে, সদস্যদের মাঝে কর্মসৃজন ঋণ আদায় ১৬৩.২৮ লক্ষ, ঋণ বিতরণ ১৫৮.২০ লক্ষ, সঞ্চয় আদায় ১.৭০ লক্ষ। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৬. ঋণের আদায় আরোও বাড়াতে হবে। | ০১. পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী, বিজয়নগর। |
| ১৪. খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, বিজয়নগর উপজেলার ১০ টি ইউনিয়নে ৭২০৪ টি তালিকাভুক্ত পরিবারের মাঝে খাদ্যবান্ধব কার্ডের মাধ্যমে সরকার নির্ধারিত মূল্যে সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে ৩০ কেজি চাল বিতরণ হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগনের মাধ্যমে অনলাইনে আপলোড করা হবে। উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ফোনে ও ইমেইলে জানানো হয়েছে এবং সর্বাত্মক সহযোগিতা চাওয়া হয়েছে। | ১৭. বিভাগের দাপ্তরিক কার্যক্রম চলমান রাখতে হবে। | ০১. উপজেলা খাদ্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৫. আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণের ধারা অব্যাহত রেখে চলতি মে মাসে ০৪ জন ভিডিপি সদস্যকে ০৩ দিন মেয়াদী গবাদী পশু, পোল্টী, মৎস্য ও সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণে প্রেরণ করা হয়। এছাড়াও ০১ জন ভিডিপি সদস্যকে ৭০ দিনের মেয়াদী সোয়েটার মেশিন প্রশিক্ষণে প্রেরণ করা হয়। এছাড়াও যাবতীয় প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভোবে চলছে। | ১৮. বিভাগের দাপ্তরিক আরও গতিশীল করতে হবে। | ০১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬. প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা- গবাদি প্রাণির টিকা প্রদান ৭৩৪০ মাত্রা, হাঁস মুরগির টিকা প্রদান-৬৩৫০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা - ১২৪২ টি, হাঁস-মুরগির চিকিৎসা - ৭৪৫ টি, গাভীকে কৃত্রিম প্রজনন সংখ্যা-৪০০টি, সংকর জাতের বাচ্চা উৎপাদন - ১৫৫টি। এন.এ.টি.পি ফেজ-২ প্রকল্পের আওতায় ১০ টি ইউনিয়নে ২৭ টি সিআইজিতে ৮১০ জন খামারীদের টিকা প্রদান করা হয় ও এলডিডিপি প্রকল্পের আওতায় ৭টি পিজি গ্রুপে টিকা দান কর্মসূচী পালন করা হয়। মাঠ দিবস ও উঠান বৈঠকের মাধ্যমে খামারিদের গবাদি পশু পালনে সচেতন করা হয়। বর্তমানে ঈদ-উল-আযহা উপলক্ষে কোরবানির পশুর হাটে প্রাণিস্বাস্থ্য সেবা প্রদানের জন্য ভেটেরিনারী মেডিকেল টিম এর কার্যক্রম চলমান আছে। | ১৯. পবিত্র ঈদ-উল- আযহা উপলক্ষ্যে বিজয়নগর উপজেলার কোরবানির পশুর হাটে প্রতিটি বাজারে বাজারে মাঠ কর্মীরা পরিদর্শন করবেন। | ০১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৭. মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মে/২০২২ খ্রি. মাসে ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় সংশোধিত) এর আওতায় মৎস্য চাষিদের মাঝে ০৫টি প্রদর্শনী মৎস্য খামার, সচেতনতামূলক সভা, ১০৭ জন নিবন্ধিত জেলেদের বাতিলকরণ ও ১০৩ জন জেলেকে নতুন করে জেলে তালিকায় নিবন্ধন করা হয়। ২০ জন মৎস্যচাষিকে পরামর্শ প্রদানসহ পুকুর পরিদর্শন অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | ২০. দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখতে হবে। | ০১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৮. জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪০টি সাব-মার্সেবল এর বরাদ্ধ পাওয়া যায় এবং চলমান আছে। ইম্প্রুভ টয়লেট নতুন আরও ৮৬টি বরাদ্ধ পাওয়া যায়। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায়-১০টি ইউনিয়নে মোট ২৬০টি সাব-মার্সেবল পাম্পযুক্ত) গভীর ও অগভীর নলকূপ এর বরাদ্ধ পাওয়া যায়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২১. গভীর নলকূপ এর চলমান কাজ সার্বক্ষনিক তদারকি করতে হবে।<br><br>২২. জনগণের চাহিদাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে এবং কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১. জনস্বাস্থ্য প্রকৌশলী, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| ১৯। পল্লী দারিদ্র বিমোচন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, মে /২০২২ মাসের মোট সমিতির সংখ্যা ৬০, সদস্য অন্তর্ভুক্তি ১৪৪০জন, ঋণ সদস্য সংখ্যা-৬৯৫জন, ক্ষুদ্র ঋণ বিতরণ-৯৪.৭৭ লক্ষ, ক্ষুদ্র ঋণ আদায়- ৯০.৮৭ লক্ষ, মোট আদায় হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য ৯৬জন, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৫৬.৪০ লক্ষ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়যোগ্য ৭৮.২০ লক্ষ। ক্ষুদ্র আদায় হার ৯৮%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ২৩. ঋণ বিতরণ ও ঋণ আদায়ের হার আরও দ্রুত বাড়াতে হবে।<br>২৪. মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতা মূলক সভা করার পাশাপাশি মানুষকে ঋণ এর সুফল সম্পর্কে অবগত করতে হবে। | ০১. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২০। বিএডিসি (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে চলমান "ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ভূ-পরিস্থ পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ কর্মসূচী" এর আওতায় বিজয়নগর উপজেলায় খাল খনন-৫.০০ কি.মি. (বুপার খাল-২.৭৫ কি.মি. পোনার খাল-২.২৫ কি.মি.), অগভীর নলকূপে ৪০০মি. বারিড পাইপ লাইন নির্মাণ-০৯ টি, এলএলপি স্কীমে ৬০০ মি. বারিড পাইপ লাইন নির্মাণ-০৩টি, ওয়াটার পাস নির্মাণ-৪টি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। "কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প" এর আওতায় কোদালিয়া খাল খনন-৫.০০কি.মি. পারেক্ষা খাল খনন-৪.০০ কি.মি., পাহাড়পুর খাল খনন-৩.০০কি.মি. ওয়াটার পাস/কল্ভাইট নির্মাণ-১২টি, মাঝারী আকারের হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ- ০১টি, ২-কিউসেক এলএলপি স্কীপে ১০০০মি. বারিড পাইপ লাইন নির্মাণ- ২টি, গভীর নলকূপের পাম্প হাউজ নির্মাণ কাজ ০২টি এবং এলএলপি সেচ স্কীমে পাম্প হাউজ নির্মাণ কাজ-০২টি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী অর্থ বছরের বাস্তবায়নের জন্য স্কীম নির্বাচন চলমান রয়েছে। | ২৫. খাল খনন ও বিভিন্ন আকারের সেচ অবকাঠামো নির্মাণ, সেচ নালা নির্মাণের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে দ্রুত করতে হবে।<br>২৬. কাজের গুণগত মান আরও উন্নত করতে হবে এবং নিয়মিত তদারকি জোরদার করতে হবে। | ০১. উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), বিজয়নগর |
| ২১। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আর্থিক সালে বিক্রয়/বিতরণের ২০০০টি বিবিধ যাতের চারা উত্তোলনের কাজ চলমান এবং করাতকল লাইসেন্স বাস্তবায়নের নিমিত্তে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভায় অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ২৭. বরাদ্দ অনুযায়ী চারাগাছ লাগানো এবং বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২২. পরিসংখ্যান ব্যুরো | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, ১৫-২১ জুন জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর চুড়ান্ত গণনার কাজ অনুষ্ঠিত হয়েছে। এছাড়া স্বাভাবিক কার্যক্রম যেমন- প্রধান ফসল (৬টি) ও অপ্রধান ফসল সমূহের (১৫০)টি আনুমানিক হিসাব, উৎপাদন খরচ হিসাব, মাসিক মূল্য ও মজুরির জরিপ (মুদ্রাস্ফীতি নির্ণয়ের জন্য) প্রভৃতি তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়মিতভাবে সম্পন্ন করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৮. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৩। ইউআরসি | উপজেলা ইউআরসি কর্মকর্তা সভায় জানান যে, প্রতিটি বিদ্যালয় পরিদর্শন অব্যাহত আছে। গুগুল মিটে শিক্ষক কর্তৃক প্রদেয় পাঠদান মনিটরিং করা হচ্ছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৯. উপজেলায় প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করতে হবে এবং রিসোর্স সেন্টারে প্রশিক্ষণ যেন ভাল হয় সেই দেক নজর দিতে হবে। | ০১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিজয়নগর |
| ২৪। পল্লী বিদ্যুৎ বিভাগ | উপজেলা পল্লী বিদ্যুৎ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ৩০. অপ্রয়োজনীয় লোড শেডিং যেন না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ০১. এজিএম, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর। |
| ২৫। ইসলামিক মিশন হাসপাতাল | ইসলামিক মিশন হাসপাতালের সিনিয়র মেডিকেল অফিসার সভায় জানান যে, অত্র হাসপাতালে মে /২০২২খ্রি. মাসের এলোপ্যাথিক চিকিৎসা-৮০০জন, হোমিও চিকিৎসা- ৭৫জন, ওষুধ বিতরণ- ৩২৬৪৫টি। পাশাপাশি ২০২১-২২ অর্থ বছরে ৩টি ব্যাচের মোট ৬০জন। সেলাই প্রশিক্ষণসহ মিশনের অন্যান্য কার্যক্রম সমাপ্ত করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ৩১. বিভাগীয় কাজের সঠিক তথ্যগুলোর ধারাবাহিকতা অগ্রগতি আরোও দ্রুত বাড়াতে হবে। | ০১. ইসলামিক মিশন হাসপাতাল, বিজয়নগর। |

বিবিধ আলোচনা-০১: উপজেলা পরিষদের মালী পদ থেকে জনাব মোঃ সিরাজুল ইসলামকে অব্যাহতি প্রদান সংক্রান্তঃ

আলোচনাঃ চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, বিগত মে ২০/০৫/২০২০খ্রি. তারিখে মাসিক সাধারন সভার রেজুলেশন এর আলোকে বিগত ০৪/০৬/২০২০ খ্রি. তারিখে নিয়োগ পত্র স্মারক নং- ১২ অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫ (৩) এর বিধান মতে দৈনিক মজুরী ভিত্তিতে রাজস্ব তহবিলের অর্থায়নের মোঃ সিরাজুল ইসলাম মালি হিসেবে নিয়োগ করা হয়। নিয়োগ পাওয়ার পর থেকে সে নানাবিধ অপরাধমূলক কর্মকান্ডে জড়িয়ে পড়ে এবং উপজেলা প্রশাসন ও উপজেলা চেয়ারম্যান এর নাম ব্যবহার করে মানুষকে হয়রানি করে থাকে। সে নিয়মিত অফিসে আসে না আসলেও মালির কাজ না করে বিভিন্ন অফিসে দালালী করার কাজে সময় নষ্ট করে। অনুপস্থিত থেকে জোর পূর্বক হাজিরা খাতায় স্বাক্ষর করতে চায় এবং বিধি বহির্ভূতভাবে হাজিরা খাতায় সাক্ষর করতে না দিলে ঢাকায় বসবাসরত বড় স্যারদের দিয়ে দেখে নেয়ার হুমকি দেয়। তার বিরুদ্ধে ভূমি অফিস সহ বিভিন্ন সরকারী অফিসে দালালীর অভিযোগ রয়েছে। এছাড়া বিভিন্ন দপ্তর থেকে বিগত মাস সমূহে ২০টির অধিক অভিযোগ পাওয়া গেছে। প্রাথমিক তদন্তে অভিযোগসমূহের সত্যতা পাওয়া গিয়াছে। এমতাবস্থায় তাকে এই পদ থেকে অব্যাহতি না দেয়া হলে উপজেলা পরিষদের ভাবমূর্তি নষ্ট হতে পারে।

সিদ্ধান্তঃ সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং জনাব মোঃ সিরাজুল ইসলাম এর বিরুদ্ধে নানাবিধ অভিযোগের সত্যতা পাওয়া যাওয়াসহ নিয়মিত অফিস না করা, অফিসে এসেও মালির কাজ না করে অন্যান্য অফিসে দালালী করাসহ ইত্যাদি অপরাধে লিপ্ত থাকায় তাকে মালী পদ থেকে অব্যাহতি দিয়ে নিয়োগ বাতিল করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

বিবিধ আলোচনা -০২: উপজেলা পরিষদের মত ও পথ পাক্ষিক পত্রিকার ২৫জুন এর বিজ্ঞাপন বিল প্রদান সংক্রান্ত:

আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সভায় জানান যে, জাতির ইতিহাসের অনবদ্য অর্জন স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন এর বিজ্ঞাপন প্রকাশের জন্য মত ও পথ পাক্ষিক পত্রিকার ২৫জুন ২০২২ সংখ্যায় ২টি বিজ্ঞাপন প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞাপনের (২৫০০০+ ২৫০০০) = ৫০,০০০/- টাকার ২টি বিল পরিশোধের জন্য আবেদন পাওয়া গিয়াছে। উক্ত বিল সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং নির্দেশাবলীর "ব" নং খাত অর্থাৎ প্রকাশনা খাত থেকে পরিশোধ করার বিষয়ে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর উল্লিখিত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং নির্দেশাবলীর "ব" নং খাত অর্থাৎ প্রকাশনা খাত থেকে পরিশোধ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে: ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

বিবিধ আলোচনা -০৩: বিজয়নগর উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রদান সংক্রান্ত:

আলোচনাঃ জনাব নাছিমা মুকাই আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর। পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২২- ২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করেন এবং পাঠ করে শুনান। উপজেলা পরিষদের সকল বিভাগের চাহিদা সাধ্য অনুযায়ী বাজেট বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সরকার হতে প্রাপ্ত অর্থসহ (বেতন-ভাতা, এডিপি বহির্ভূত অর্থ, বিভিন্ন প্রকল্প হতে প্রাপ্ত অর্থসহ) ১০৬২৯০১৪০৯.০০ (একশত ছয়কোটি উনত্রিশ লক্ষ এক হাজার চারশত নয়) টাকা আয় ও ১০৫৯৭২১৪০৯.০০ (একশত পাঁচকোটি সাতানব্বই লক্ষ একুশ হাজার চারশত নয়) টাকা ব্যয় এবং রাজস্ব উদ্বৃত্ত / ঘাটতি-৩১,৮০০০০/- (একত্রিশ লক্ষ আশি হাজার) টাকা ধরে ২০২২-২০২৩ আর্থিক সনের প্রস্তাবিত বাজেটের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: উপস্থাপিত বাজেটটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে: ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সকল বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

(নাছিমা মুকাই আলী)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং : ০০.৪২.০৫৬৬.০০০.০৬.০০১.২২- / (৪০)

তারিখ: ১৫ আষাঢ়- ১৪২৮ বাংলা
২৯ জুন-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বিষয়ক সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। উপজেলা .............................................. অফিসার (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। চেয়ারম্যান, .......................................... ইউপি (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

(এ এইচ ইরফান উদ্দিন আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।